

প্রিয় পরিবারবর্গ:

আমি আনন্দের সাথে আপনাদের জানাচ্ছি যে আমাদের স্কুলকে স্কুল মেন্টাল হেলথ কনসালট্যান্ট প্রোগ্রামে অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হয়েছে এবং এই অ্যাকাডেমিক বছরে সেপ্টেম্বর থেকে পরিষেবা লাভ করবে। স্কুল মেন্টাল হেলথ কনসালট্যান্ট প্রোগ্রামটি (SMHCP) সিটির শহরবাসীর মানসিক স্বাস্থ্য উন্নত করার কৌশলগত পরিকল্পনা [ThriveNYC](#) এর অংশ এবং ডিওই অফিস অভ স্কুল হেলথ কর্তৃক পরিচালিত হবে। সাধারণভাবে স্কুলগুলিতেই ছেলেমেয়েরা প্রথম মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে সাহায্য চাওয়া শুরু হয় এবং আমাদের প্রাপ্তবয়স্ক কর্মীরা হলেন আমাদের শিক্ষার্থীদের সুপারিশ করার জন্য সবচেয়ে বিশ্বস্ত উৎস। শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করা, সময়ের সাথে তাদের পরিবর্তন লক্ষ করা, সমস্যা ধরতে পারা এবং শিক্ষার্থীদের সহায়তা পেতে আমাদের স্কুল মেন্টাল হেলথ কনসালট্যান্টের সাথে যোগাযোগ ঘটিয়ে দেওয়ার জন্য আমাদের স্কুল কর্মীদের একদম নিখুঁত সুবিধাজনক অবস্থানে রয়েছেন। প্রশিক্ষণ, পরামর্শ এবং সহায়তার মাধ্যমে স্কুল ভবনে শুরুতেই মানসিক সমস্যা চিহ্নিত করার সামর্থ্য গঠন আমাদের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও অ্যাকাডেমিক সাফল্য বৃদ্ধি করবে।

স্কুল মেন্টাল হেলথ কনসালট্যান্ট আমাদের স্কুলকে সহায়তা দেওয়ায় নিচের কাজগুলি করবেন:

- মানসিক স্বাস্থ্য বিষয়টির প্রচার ও কর্মসূচি সম্পর্কে আমাদের স্কুল কমিউনিটিতে অবহিত করবেন।
- আমাদের স্কুলের অভ্যন্তরীণ সহায়সঙ্গতি, ঘাটতি চিহ্নিত এবং কমিউনিটিভিত্তিক প্রোভাইডার ও অন্যান্য সহায়সঙ্গতির সাথে স্কুলগুলির সংযোগ ঘটিয়ে দেওয়ার জন্য স্কুল মেন্টাল হেলথ প্ল্যান প্রণয়ন করবেন।
- মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সম্পর্কিত উদ্বেগ দূর করার জন্য আমাদের কর্মীদের প্রশিক্ষণ ও পরামর্শ দেবেন।

আমরা এমন সংস্কৃতি গড়ে তুলতে চাই যেখানে উন্নত মানসিক স্বাস্থ্য অ্যাকাডেমিক পরিবেশের একটি গুরুত্বপূর্ণ অংশ! আপনাদের প্রস্ন থাকলে দয়া করে আমার সাথে যোগাযোগ করুন অথবা [ThriveNYC](#) ওয়েবসাইট দেখুন। কর্মসূচিটিকে ব্যাপক সফল করে তুলতে সহায়তার জন্য ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল